# Prime Minister Shri Narendra Modi calls His Excellency Pravind Kumar Jugnauth, Prime Minister of Mauritius, to convey condolences for Sir Anerood Jugnauth

June 04, 2021

## স্যার অনিরুধ জুগনাউথের প্রয়াণে প্রধানমন্ত্রী মরিশাসের প্রধানমন্ত্রী শ্রী প্রবীন্দ কুমার জুগনাউথকে সমবেদনা জানিয়েছেন

**জুন 04, 2021**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী মরিশাসের প্রধানমন্ত্রী শ্রী প্রবীন্দ কুমার জুগনাউথকে ফোন করে তাঁর বাবা স্যার অনিরুধ জুগনাউথের মৃত্যুতে সমবেদনা জানিয়েছেন।

প্রধানমন্ত্রী স্যার অনিরুধের মরিশাসে দীর্ঘদিন জনসেবা করার প্রসঙ্গটি উল্লেখ করেছেন। স্যার অনিরুধ অনেক বছর সেদেশের প্রধানমন্ত্রী ও রাষ্ট্রপতি ছিলেন।

ভারতে সব রাজনৈতিক দলের স্যার অনিরুধ জুগনাউথের প্রতি গভীর শ্রদ্ধার কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেছেন, মরিশাসের ভারতের সঙ্গে যে বিশেষ বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে উঠেছে তাতে প্রধানমন্ত্রী অনিরুধের গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল।

একজন ‘গর্বিত প্রবাসী ভারতীয়’ হিসেবে স্যার অনিরুধকে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেছেন তাঁকে প্রবাসী ভারতীয় সম্মান ও পদ্ম বিভূষণে সম্মানিত করতে পেরে ভারত গর্বিত।

স্যার অনিরুধ উভয় দেশের বিশেষ দ্বিপাক্ষিক সম্পর্ককে যে উচ্চতায় নিয়ে গেছেন তাকে আরও দৃঢ় করার জন্য উভয় নেতা অঙ্গীকার ব্যক্ত করেছেন।

**নিউ দিল্লি**
**জুন 04, 2021**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA’s website and may be referred to as the official press release.